I 1772 150 Rs.

INDIA NON JUDICIAL

१५० रु. Rs 150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

Admissible under Rule 21, duly stamped under the Indian Stamp Act 1899 as amended by Act III of 1922 and section 82 (1) of Calcutta Improvement Act 1911.
Schedule 1 A 23-4-56
No. 77 Rs. 40 As.
Stamp duty paid under the Indian Stamp Act as amended by Act III of 1922.
Additional duty paid under the Calcutta Improvement Act.
Rs 70.
Paid in excess 2.60
Total 171.00

শ্রী কান্তি প্রসন্ন চন্দ্র

Ext - 1/A

সাফ বিক্রয় কোবালা পত্র।

বিক্রেতা কোবালা পত্র দাতা। সুস্মী ৮ ঃ-

Fee Paid:-
A 25.50
E 4.00
E 4.00
H 15.00
2.00
2.50
53.00

১। শ্রী কান্তি প্রসন্ন চন্দ্র
পিতা ৺ সারদা প্রসাদ চন্দ্র
পিতামহ ৺ ডাক্তার গোপাল চন্দ্র চন্দ্র
জাতি হিন্দু গন্ধ বনিক, বয়স প্রায় ৭০ বৎসর
পেশা ব্যবসাদি বর্তমানে অবসরভোগী
পূর্ব নিবাস ঃ- কলিকাতা করপোরেশনের পূর্বেকার
প্রেমিসেস ১ নং গোপাল ডাক্তার রোড, যাহার হাল
প্রেমিসেস ১।এ নং গোপাল ডাক্তার রোড, খিদিরপুর

District Registrar,
24 Parganas.
18.4.66

Scanned with ACE Scanner

FILED

THE SEAL OF THE DISTRICT REGISTRAR 24 PARGANAS

No. 353

Kali Shankar Chanda

1 gopal doctor Road

12. 4 . 66

1c 150 —
,, 20 —
,, 1 —
171 —

শ্রী কালী প্রসন্ন চন্দ্র

Presented for Registration at 11-15 A.M. ~~or P.M.~~ on the 18th day of April 1966 at the Sadar Registration Office at Alipore by Kali Prasanna chanda Executant ~~or Claimant~~ one of the Attorney for............ under power of attorney No. ... for authenticated by the Sub-Registrar of............

Executant

(1) Kali Prasanna chanda

Son of Late Saroda Prasanna chanda
Wife (2) Tarini Bala chanda wife of Kali Prasanna chanda
of 1/1A. Gopal Doctor Road Khidirpur
Thana Watgunge
District 24 Pargs.
By caste Hindu
By profession Retired Officer / housewife. Respectively.

District Registrar,
24 Parganas.


১। কালী প্রসন্ন চন্দ্র



2422

শ্রীমতী তারিণী বালা চন্দ্র

2423



Identified by

Durga Prasad Chanda

Son of Late Sri Gobardhan chanda
Of 21/1 A. Rama Nath Paul Rd
Thana Cal-23
District 24 Pgs.
By caste Hindu
By profession Service

District Registrar,
24 Parganas.

18.4.66

20Rs.






খিদিরপুর মহল্লা, থানা ওয়াটগঞ্জ, কলিকাতা ২৩
হাল নিবাস :- কেং অঃ শ্রী ভোলানাথ চন্দ্র
প্রেমিসেস ১।এ নং গোপাল ডাক্তার রোড, খিদিরপুর
থানা ওয়াটগঞ্জ, কলিকাতা ২৩।

২। কনফারমিং পার্টি এই কোবালা পত্রের সম্মতি দাত্রী। স্ত্রী।

শ্রীমতী তরুবালা চন্দ্র
স্বামী এই কোবালার বিক্রেতা পক্ষ উপরোক্ত শ্রী কালি প্রসন্ন চন্দ্র, জাতি হিন্দু গন্ধ বনিক বয়স প্রায় ৬২ বৎসর পেশা গৃহস্থালী পূর্ব নিবাস :- এই কোবালার উপরোক্ত প্রেমিসেস ১।এ নং গোপাল ডাক্তার রোড, খিদিরপুর কলিকাতা ২৩,
হাল নিবাস :- এই কোবালার উপরি উক্ত কেঃ অঃ শ্রী ভোলানাথ চন্দ্র, প্রেমিসেস ১।এ নং গোপাল ডাক্তার রোড, কলিকাতা ২৩।

ক্রেতা কোবালা পত্র গ্রহিতা পক্ষ :-

শ্রী কালি শঙ্কর চন্দ্র ওরফে নন্টু
পিতা ৺ মন্মথ নাথ চন্দ্র
পিতামহ উপরোক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্র

Scanned with ACE Scanner

1R.

INDIA

एक रुपया

ONE RUPEE भारत ONE RUPEE

T.S. 17-79

পুপিতামহ উপরোক্ত ৺ ডাক্তার গোপাল চন্দ্র চন্দ্র জাতি হিন্দু গন্ধ বনিক , পেশা চাকুরি , বয়স প্রায় ৪৫ বৎসর , স্থায়ী নিবাস ঃ- উপরোক্ত পুরাতন প্রেমিসেস ১ নং গোপাল ডাক্তার রোড , যাহার হাল প্রেমিসেস ১।এ নং গোপাল ডাক্তার রোড , খিদিরপুর, থানা ওয়াটগঞ্জ কলিকাতা ২৩

-- ০ --

কলিকাতা কর্পোরেশন এলাকায় থানা ওয়াটগঞ্জ জেলা ২৪ পরগনা আলিপুর সাবরেজেষ্টারি অফিসের অধিনস্থ এলাকাস্থিত স্থাবর সম্পত্তি মোট বিক্রয় মূল্য ৩৫০০ টাকা মাত্র ।

- - - - - - - -

কস্য সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে , কলিকাতা সহরের খিদিরপুর এলাকায় কলিকাতা কর্পোরেশনের তিনটি পৃথক পৃথক প্রেমিসেসস্থিত তিনটি পৃথক পৃথক এজমালি সম্পত্তি , যথা ঃ-

৪

১। প্রেমিসেস ১।এ নং গোপাল ডাক্তার রোডস্থিত যাবতীয় জমি ও দুইতল কোঠা বাড়ীর ইত্যাদি সম্পত্তির এজমালি ১/৬ ছয় অংশের এক অংশ মাত্র বিক্রয় মূল্য ১৭০০্ সতের শত টাকা মাত্র যাহা নিম্নের তপশীল ,,ক,, এতে বিশদ ভাবে বর্ণিত হইয়াছে এবং

২। প্রেমিসেস ২১।১ নং রমানাথ পাল রোড স্থিত যাবতীয় জমি ও দুইতল কোঠা বাড়ী ইত্যাদি সম্পত্তির এজমালি ১/৬ ছয় অংশের মধ্যে এক অংশ মাত্র বিক্রয় মূল্য ১৬৮০্ ষোল শত আশী টাকা মাত্র যাহা নিম্নে তপশিল ,,খ,, এতে বিশদ ভাবে বর্ণিত হইয়াছে এবং

৩। প্রেমিসেস ৩২।৩বি নং হেম চন্দ্র ষ্ট্রীট স্থিত এজমালি সম্পত্তি যাহা প্রেমিসেস ১০।১ নং গোপাল ডাক্তার রোড বলিয়াও কখনও কখনও পরিচিত তাহা ঠিকা প্রজাই স্বত্ব বা বেমেয়াদী লীজ পত্তনি বিশিষ্ট মাসিক খাজনায় ভাড়া করা জমি ও তদুপরি দুই খানি টিনের চালা বা কাঁচা ছাউনি দুই খানি ঘর এজমালী ১/৩ তিন অংশের মধ্যে এক অংশ মাত্র বিক্রয় মূল্য ১২০্ এক শত কুড়ি টাকা মাত্র যাহা নিম্নে তপশীল ,,গ,, এতে বিশদ ভাবে বর্ণিত হইয়াছে, -

উপরোক্ত পৃথক পৃথক তিনটি প্রেমিসেসস্থিত পৃথক পৃথক তিনটি এজমালী সম্পত্তি গুলির মধ্যে উপরোক্ত সকল যৌথ অবিভক্ত সরিকানা অংশ বা ''কো-ওনার্স'' শেয়ার তিনটি মাত্র এই সাফ বিক্রয় কোবালার অন্তর্গত সুরবর সম্পত্তি হইতেছে যাহা সকলের বিক্রয় মূল্য একুনে মোট ৩৫০০্ তিন হাজার পাঁচ শত টাকা মাত্র।

প্রকাশ থাকে যে এই কোবালা ভুক্ত প্রথম দফে এজমালি সুরবর সম্পত্তি উক্ত পূর্ব্বতন প্রেমিসেস ১ নং গোপাল ডাক্তার রোড যাহা হাল প্রেমিসেস

প্রেমিসেস ১।এ নং গপেল ডাক্তার রোড কলিকাতা ২৩ স্থিত যাবতীয় জমি ও তদুপরি দুইতলা এজমালি কোঠা বাড়ী ইত্যাদি নিম্নের ,,ক,, তপশিল ভুক্ত সম্পত্তি বিগত ইং ১৮৮০ সালে ৺ ডাক্তার গোপাল চন্দ্র চন্দ্র মহাশয় তাঁহার প্রথমা স্ত্রী ৺ শ্রীমতী সৌদামিনী দাসীর নাম বরাবরে দান পত্র করিয়াছিলেন । উক্ত শ্রী সৌদামিনী দাসীর পরলোকান্তে তাহার গর্ভজাত তাহার দুইটি পুত্র, যথা জেষ্ঠ ৺ সারদা প্রসাদ চন্দ্র ও কনিষ্ঠ ৺ বরদা প্রসাদ চন্দ্র এই দুই জন মাত্র সমান সমান এজমালী $\frac{১}{২}$ অর্দ্ধাংশের সরিক বা ''কো - ওনার'' হইয়াছিলেন ।

উপরোক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রের ৩ তিনটি পুত্র ছিল যথা ঃ- ১। জেষ্ঠ পুত্র ৺ মন্মথ নাথ চন্দ্র যিনি এই সাফ কোবালা পত্রের ক্রেতা পক্ষ শ্রী কালি শঙ্কর চন্দ্র ওরফে নন্টুর জন্মদাতা পিতা হইতেছেন ।

২। মধ্যম পুত্র শ্রী কালি প্রসন্ন চন্দ্র এই সাফ বিক্রয় কোবালার বিক্রেতা পক্ষ এবং ৩। কনিষ্ঠ পুত্র শ্রী কৃষ্ণ কালি চন্দ্র ওরফে কেষ্ট । উপরোক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রের জীবদ্দশায় তাঁহার উক্ত প্রথম পুত্র মন্মথ নাথ চন্দ্রের মৃত্যু হয় । উক্ত সারদা প্রসাদ চন্দ্রের পরলোকান্তে উপরোক্ত শ্রী কালি শঙ্কর চন্দ্র ওরফে নন্টু উপরোক্ত শ্রী কালিপ্রসন্ন চন্দ্র এবং উক্ত শ্রী কৃষ্ণ কালি চন্দ্র ওরফে কেষ্ট এই তিন জন মাত্র উক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রের পরলোকান্তে ওয়ারিশান সূত্রাভিষিক্ত হইয়া এই কোবালা ভুক্ত তিনটি পৃথক পৃথক উপরোক্ত প্রেমিসেসস্থিত এজমালি সম্পত্তি গুলিতে আমরা তিন জনে সমান সমান $\frac{১}{৬}$ অংশ ছয় অংশের মধ্যে এক অংশ মাত্র ''কো- ওনার'' বা সরিকানা হিসাবে ও টাইটেলে গত প্রায় ১৮ আঠার বৎসর যাবৎ এতাবৎ কাল অধিষ্ঠিত হইয়া রহিয়াছি । উপরোক্ত ৺ বরদা প্রসাদ চন্দ্রের পুত্র ৺ সুরেন্দ্র

সুরেন্দ্র নাথ চন্দ্রের পুত্রবধূ শ্রীমতী শঙ্করী বালা চন্দ্র স্বামী শ্রী ভোলানাথ চন্দ্র এবং অপর এক শরিক এই কোবালা উক্ত প্রথম দফের প্রেমিসেস ১।এ নং গোপাল ডাক্তার রোড এজমালি সম্পত্তিটি ব্যাপারে জেলা ২৪ পরগনা আলিপুর জজেস কোর্ট , ৭ সপ্তম সাবজজ আদালতে একটি দেওয়ানী পার্টিসান টাইটেল সুট ৯৬ নং । ১৯৬২ সাল উক্ত শ্রী কৃষ্ণ কালি চন্দ্র ওরফে কেষ্টর বিরুদ্ধে দায়ের করে যাহা বর্তমানে শ্রীমতী শঙ্করী চন্দ্র ও অপর একজন বাদিনীগন বনাম শ্রী কৃষ্ণ কালি চন্দ্র ও দিগর বিবাদীগন নাম বরাবরে বর্তমানে চলিতেছে এবং যাহা গত ইং ২০ শে জুলাই ১৯৬৪ তারিখে প্রিলিমিনারী ডিক্রী উক্ত মোকর্দ্দমায় আদালত হইতে আদেশ হইয়া গিয়াছে । আরও প্রকাশ থাকে যে এই সাফ বিক্রয় কোবালা উক্ত দ্বিতীয় দফে এজমালী স্বাবর সম্পত্তি প্রেমিসেস ২১।১এ নং রমানাথ পাল রোড স্থিত যাবতীয় এজমালী জমি ও তদুপরি এজমালী দুইতলা কোঠাবাড়ী ইত্যাদি নিম্নের ,,খ,, তপশীল উক্ত সম্পত্তি উপরোক্ত ৺ ডাক্তার গোপাল চন্দ্র চন্দ্র তাঁহার দ্বিতীয় পক্ষ স্ত্রী ৺ শ্রীমতী ক্ষীরোদাময়ী দাসীর নাম বরাবরে বিগত ইং ১৮৯০ সালে দান পত্র করেন । তৎপরে উক্ত শ্রীমতী ক্ষীরোদাময়ী দাসীর পরলোকান্তে তস্যা গর্ভজাত জাতা ৪ চারিটি পুত্র যথা ঃ- জ্যেষ্ঠ ৺ অন্নদা প্রসাদ চন্দ্র , ৺ ইন্দু ভূষণ চন্দ্র , ৺ সন্ন্যাসী চরণ চন্দ্র এবং কনিষ্ঠ শ্রী দুর্গা প্রসাদ চন্দ্র , এই চারি জন মাত্র প্রত্যেকে এজমালী $\frac{১}{৪}$ চার অংশের এক অংশে মাত্র শরিক বা ''কো-ওনার্স'' হইয়াছিলেন । উপরোক্ত ৺ ইন্দু ভূষণ চন্দ্র ও ৺ সন্ন্যাসী চরণ চন্দ্র তাঁহাদের নিজ নিজ উক্ত এজমালী শরিকানা হিসাবে সম্পত্তি এই কোবালার বিক্রেতা পক্ষের পিতাকে ও ক্রেতাপক্ষের পিতামহকে উক্ত ৺

T.S. 17-79

Ex 1(6)

উক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রকে বিক্রয় করিয়া দিয়াছিলেন এবং উক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্র উপরোক্ত প্রেমিসেস ২১।১এ নং রমানাথ পাল রোডস্থিত খরিদ সূত্রে এজমালী ১/২ অর্দ্ধাংশের সরিক বা ''কো-ওনার'' হইতেছেন। উপরোক্ত শ্রী দুর্গা প্রসাদ চন্দ্র ও ৺ সারদা প্রসাদ চন্দ্র একে অপরের বৈমাত্রেয় ভ্রাতা হইতেছে এবং উক্ত ৺ ডাক্তার গোপাল চন্দ্র চন্দ্রের কনিষ্ঠ ও জেষ্ঠ পুত্র যথাক্রমে হইতেছেন।

উক্ত সারদা প্রসাদ চন্দ্রের পরলোকান্তে এই সাফ বিক্রয় কোবালার ক্রেতাপক্ষ উক্ত ১। শ্রী কালি শঙ্কর চন্দ্র ওরফে নন্টু, এই সাফ বিক্রয় কোবালার বিক্রেতা পক্ষ ২। শ্রী কালি প্রসন্ন চন্দ্র এবং উপরোক্ত ৩। শ্রী কৃষ্ণ কালি চন্দ্র ওরফে কেষ্ট মোট আমরা এই তিন জন ব্যক্তি উক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রের ওয়ারিশান সূত্রাধিকারী হইয়া উক্ত এজমালী সম্পত্তিতে প্রত্যেক আমরা তিন জনে যৌথ অবিভক্ত ১/৬ ছয় অংশের মধ্যে এক অংশ মাত্র সরিক বা ''কো-ওনার'' হিসাবে গত প্রায় ১৮ আঠার বৎসর যাবৎ একাদিক্রমে অধিষ্ঠিত রহিয়াছেন। উক্ত এজমালি সম্পত্তির বর্ত্তমান মোট ৬ ছয় জন সরিকের মধ্যে জেলা ২৪ পরগনা, আলিপুর জজেস কোর্ট ৭ নং সাবজজ আদালতে বর্ত্তমানে একটি দেওয়ানী ডিক্লারেশন টাইটেল সুট ৪০ নং। ১৯৬৬ সালে দায়ের হইয়াছে, যাহা এই সাফ বিক্রয় কোবালা পত্রের ক্রেতা পক্ষ ও বিক্রেতা পক্ষ উক্ত শ্রী দুর্গা প্রসাদ চন্দ্র, শ্রী কার্ত্তিক চন্দ্র দত্ত ও শ্রী গনেশ চন্দ্র দত্ত এই মোট ৫ পাঁচ জন এজমালী সরিক উক্ত শ্রী কৃষ্ণ কালি চন্দ্র ওরফে কেষ্টর বিরুদ্ধে উক্ত মোকর্দ্দমা দায়ের করিয়াছে, যাহা বর্ত্তমানে শ্রী কালি শঙ্কর চন্দ্র দিগর বাদীগন বনাম শ্রী কৃষ্ণ কালি চন্দ্র দিগর বিবাদীগন নাম বরাবরে বর্ত্তমানে মামলা চলিতেছে।

আরও প্রকাশ থাকে যে এই সাফ বিক্রয় কোবালা পত্রের তৃতীয় ও শেষ দফের এজমালি সুরবর সম্পত্তি প্রেমিসেস ৩২।৩বি নং হেম চন্দ্র ষ্ট্রীট যাহা প্রেমিসেস ১০।১ নং গোপাল ডাক্তার রোড বলিয়াও কোথায়ও পরিচিত হইতেছে এবং যাহা নিম্নে তপশীল ,,গ,, এতে বিশদ ভাবে বর্ণিত হইয়াছে , তাহা উপরোক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্র মহাশয় বহুবৎসর পূর্ব্বে বেমেয়াদী পত্তনী বা ''লীজ''বা ঠিকা প্রজাই সত্ত্ব খরিদ করিয়াছিলেন এবং উহাতে ২ দুই খানি টিনের ঘর কাঁচা ছাউনি বিশিষ্ট চালা আছে। উক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রের পরলোকান্তে এই সাফ বিক্রয় কোবালায় ক্রেতা পক্ষ ১। শ্রী কালি শঙ্কর চন্দ্র ওরফে নন্টু , এই সাফ বিক্রয় কোবালা পত্রের বিক্রেতা পক্ষ ২। শ্রী কালি প্রসন্ন চন্দ্র এবং উপরোক্ত শ্রী কৃষ্ণ হালি চন্দ্র ওরফে কেষ্ট মোট এই তিন জন ব্যক্তি উক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রের মোট তিন জন ওয়ারিশান হিসাবে উক্ত সম্পত্তির জমিদার বাকুলিয়া রাজ এষ্টেট পত্তনি দারগণের রেকর্ড অনুযায়ী উক্ত তিন জন ওয়ারিশান ব্যক্তি প্রত্যেকে এজমালী $\frac{১}{৩}$ তিন অংশের মধ্যে এক অংশ মাত্র ঠিকা প্রজাই সত্ত্বে গত প্রায় ১৮ আঠার বৎসর যাবৎ টাইটেলে অধিষ্টিত এবং দখলিকার রহিয়াছেন।

<u>ডিক্লারেশন বা ঘোষণা পত্র ঃ—</u>

আমরা এই সাফ বিক্রয় কোবালা পত্রের উপরিউক্ত ও প্রথমোক্ত যথা

অ। শ্রী কালি প্রসন্ন চন্দ্র এই কোবালার ১ এক নং বিক্রেতা পক্ষ , এবং

আ। শ্রীমতী তরুবালা চন্দ্র এই কোবালার ২ দুই নং বিক্রয় কারিনী সম্মতি দাত্রী

দাত্রী ''কনফার্মিং পার্টী'' পক্ষ আমরা স্বামী ও স্ত্রী এই দুই জন বিক্রেতা পক্ষ এতদ্বারা নিম্ন লিখিত মর্ম্মে প্রতিজ্ঞা পূর্ব্বক আমাদের দুই জনে যৌথ বিবৃতি ঘোষণা সর্ব্ব সমক্ষে করিতেছি এই যে ঃ-

।ক। আমি শ্রীমতী তরুবালা চন্দ্র ২ দুই নং বিক্রয় কারিনী গত ইং ১৯৬৫ সালে আমার স্বামীর ব্যবসা ও অসুখের কারণে আমার স্বামীর ব্যবসাদি রক্ষা করিবার শেষ চেষ্টায় ৯০০ নয় শত টাকা বিনা সুদে ঋণ কর্জ্জ বিনা রসিদে করিয়াছি এবং উপরোক্ত বাজার দেনা ব্যতীত আমার নিজস্ব ব্যক্তিগত ঋণ বা কর্জ্জ অপর কিছুই নাই বলিয়া আমি ঘোষণা করিতেছি।

।খ। উপরোক্ত একটি ঋণ কর্জ্জ ব্যতিত আমরা অপর কোনও ব্যক্তির নিকট অদ্যাবধি অপর কোন দেনা করি নাই বলিয়া তুমি ক্রেতা পক্ষকে সকল ঘটনাবলী সত্য ও ধর্ম্ম প্রকাশ করিতেছি। আমরা পুত্র কন্যা কলত্রাদি হীন বৃদ্ধ ও বৃদ্ধা হইয়া আর কয় দিন বাঁচিব, সেইকারণে উক্ত সকল ঘটনাবলী সকলকে এতদ্বারা জানাইয়া যাইতেছি।

।গ। উপরোক্ত শ্রী কৃষ্ণ কালি চন্দ্র ওরফে কেষ্ট পিতা উপরোক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্র এই কোবালার ১ এক নং বিক্রেতা কনিষ্ঠ সহোদর ভ্রাতা ও ২ দুই নং বিক্রয় কারিনীর কনিষ্ঠ দেবর এবং ক্রেতা তোমার কনিষ্ঠ কাকা আমাদিগকে বহুপ্রকারে আমাদের এজমালী সম্পত্তি গুলির মাসিক ভাড়া টাকার আমাদের প্রাপ্য হিসাবে টাকা বহু বৎসর যাবত ঐ কেষ্ট নানা প্রকারে শঠতা করতঃ আমাদেরকে ঠকাইতেছে, প্রবঞ্চনা করিয়াছে এবং আমাদের উপরে অযথা হুজ্জুত হয়রাণী অতিতে করিয়াছে বা করাইয়াছে এবং গত ৫ পাঁচ বৎসর যাবত আমাদের

আমাদের দুইজনের মধ্যে কেহই উক্ত কেষ্ট বা উহার পরিবারের স্ত্রী পুত্র কন্যা কাহারও সাথে ঘৃণায় কথা বলি নাই এবং উক্ত কেষ্ট জাল জুয়াচুরী বাটপাড়ী ঠকবাজী জালিয়াতি দ্বারা আমাদেরকে সর্ব্বপ্রকারে সর্ব্বনাশ করিয়াছে ।

।ঘ।   আমরা এই বিক্রেতা পক্ষের দুইজন উপরোক্ত কেষ্টর নিকটে অদ্যাবধি কোনও প্রকার ঋণ বা কর্জ্জ করি নাই বলিয়া এতদ্বারা বিশেষ ভাবে ঘোষণা করিতেছি ।

।ঙ।   এই কেষ্টর শয়তানির জন্যই বর্ত্তমানে আমাদের দুইজনকে সমেত অপর সকল শরিকগন নানা প্রকার সর্ব্বনাশা মামলা মোকর্দ্দমায় সর্ব্বত্র জড়াইয়া পড়িতে হইয়াছে ।

উপরোক্ত ডিক্লারেশন বা ঘোষণা পত্রের ।ক। প্যারায় বর্ণিত উক্ত ঋণ কর্জ্জ বাজার দেনাগুলি মোট ৯০০্ নয় শত টাকা পরিশোধ করার আমার অন্য কোন উপায় না থাকায় এবং উপরোক্ত ডিক্লারেশন বা ঘোষণা পত্রের উক্ত রূপে উক্ত শ্রী কৃষ্ণ কান্তি চন্দ্র ওরফে কেষ্ট কর্ত্তৃক প্রতিনিয়তই প্রবঞ্চনা, লাঞ্ছনা, হামলাবাজী ইত্যাদির ভয়ে ইত্যাদি নানা কারণে এই কোবালা ভুক্ত তিনটি পৃথক পৃথক প্রেমিসেসস্থিত তিনটি পৃথক পৃথক এজমালী সম্পত্তি তিনটিতে আমাদের উপরোক্ত সরিকানী হিস্যা টাইটেল আমরা দুই জনে বিক্রয় করিবার জন্য ঘোষণা করায় ও তুমি শ্রী কান্তি শঙ্কর চন্দ্র ওরফে নন্টু আমাদের উক্ত সম্পত্তি তিনটি নগদে ৩৫০০্ তিন হাজার পাঁচ শত টাকায় খরিদ করিতে প্রস্তুত থাকায় এবং আমরা বাজার দর যাচাই করতঃ তোমার উক্ত পণ সর্ব্বোচ্চ বিধায় এবং তুমি উক্ত ৩৫০০্ তিন হাজার পাঁচ শত টাকা নিম্ন তায়দাদ মত অদ্য

অদ্য আমাদিগকে প্রদান করায় আমরা উক্ত তিনটি পৃথক পৃথক প্রেমিসেসস্থিত উক্ত তিনটি পৃথক পৃথক এজমালী স্থাবর সম্পত্তি তিনটি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় অত্র সাফ কোবালা দ্বারা তোমাকে বিক্রয় করিয়া ১ ষোল আনা মতে নিঃস্বত্ব হইলাম। ইহাতে আমরা কিম্বা আমাদের কোনও উত্তরাধিকারী ওয়ারিশান স্থলাভিষিক্ত ব্যক্তিগন কোনও ওজর বা আপত্তি করিতে পারিব না বা পারিবে না। তুমি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্ব সামিত্ব রাইট টাইটেল ইন্টারেষ্ট অধিকার হক হকুকে প্রতিষ্ঠিত হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত ব্যক্তিগনক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাক। যদি কোরজায় উল্লিখিত সম্পত্তি তিনটিতে আমাদের স্বত্ব না থাকা প্রকাশ পায় তাহা হইলে আমরা সকল আইন আমলে আসিব।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরণে অন্যের বিনা অনুরোধে অত্র কোবালার বেবাক বিক্রয় পণের ৩৫০০, তিন হাজার পাঁচ শত টাকা মাত্র নিম্নের টাকার জায়মত রেজিষ্টারি অফিসে নিম্ন লিখিত উপস্থিত সাক্ষীগনের সম্মুখে সমুদায় বুঝিয়া পাইয়া অদ্য তারিখে এই সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ ইং ১৩ই এপ্রিল, ১৯৬৩ সাল।

তপশীল ,,ক,, উক্ত সম্পত্তি।

জেলা ২৪ পরগনা থানা ওয়াটগঞ্জ পরগনা মাগুরা মৌজা খিদিরপুর আলিপুর সাবরেজেষ্টারি অফিসের এলাকাধিন মোকরর মৌরসী খেরাজ জমি

জমি কমবেশী /২ দুই কাঠা মাত্র যাহার বার্ষিক খাজনা ৷/১৫ পাঁচ আনা তিন পুরাতন পয়সা পূর্ব্বে ছিল সামিল বর্ত্তমানের ·৩৬ ছত্রিশ পয়সা মাত্র যাহা জমিদার হুগলী ইমামবাড়ী এষ্টেটে পূর্ব্বে আদায় দেওয়া হইত এবং উপরোক্ত জমি ও তদুপরি দুইতলা বিশিষ্ট কোঠাবাড়ী যাহা কলিকাতা করপোরেশনে পূর্ব্বতন প্রেমিসেস ১ নং গোপাল ডাক্তার রোড যাহা হাল প্রেমিসেস ১।এ গোপাল ডাক্তার রোড বলিয়া পরিচিত হইতেছে এবং যাহা যৌথ অবিভক্ত এজমালী সরিকানা সূত্রে সম্পত্তির মধ্যে এজমালি $\frac{১}{৬}$ ছয় অংশের মধ্যে এক অংশ মাত্র এই কোবালা ভুক্ত বিক্রীত সম্পত্তি হইতেছে যাহার মূল্য ১৭০০্ এক হাজার সাত শত টাকা মাত্র এবং উক্ত এজমালি সম্পত্তি বর্ত্তমানে কলিকাতা করপোরেশন অফিসে ৺ সারদা প্রসাদ চন্দ্র, ৺ বরদা প্রসাদ চন্দ্র নাম বরাবরে সরিক বা "কো-ওনার্স" হিসাবে রেকর্ড চলিতেছে এবং উক্ত সম্পত্তির চৌহদ্দি নিম্নরূপ :-

উত্তরে -- গোপাল ডাক্তার রোড।

দক্ষিণে -- এই সাফ বিক্রয় কোবালা ভুক্ত দ্বিতীয় দফে পৃথক এজমালি সম্পত্তি ২১।১এ নং রমানাথ পাল রোড।

পূর্ব্বে -- ইন্দু ব্যানার্জ্জির বাড়ী ২৩ নং রমানাথ পাল রোড।

পশ্চিম -- নারায়ণ হাজরার বাড়ী ১।১ নং গোপাল ডাক্তার রোড।

তপশীল "খ" ভুক্ত সম্পত্তি।

---

জেলা ২৪ পরগনা থানা ওয়াটগঞ্জ পরগনা মাগুরা মৌজা খিদিরপুর আলিপুর সাবরেজেষ্টারি অফিসের এলাকাধিন মোকরারী মৌরসী জমি কমবেশী

কমবেশী /২৸/৭।। দুই কাঠা পনের ছটাক সাড়ে সাতগণ্ডা সামিল /২৸/১৭ দুই কাঠা পনের ছটাক সতের স্কোয়ার ফিট মাত্র তদুপরি দুইতল বিশিষ্ট এজমালী কোঠা বাড়ী, বারান্দা, একতলা বিশিষ্ট টালির ছাউনি ঘর ইত্যাদি যাহা কলিকাতা করপোরেশনে প্রেমিসেস ২১।১এ নং রমানাথ পাল রোড কলিকাতা ২৩ বলিয়া পরিচিত এবং বর্ত্তমানে যাহা ৺ সারদা প্রসাদ চন্দ্র, শ্রী দুর্গা প্রসাদ চন্দ্র দিগর শরিকগণের বা "কো-ওনার্স" গণের নাম বরাবরে কলিকাতা করপোরেশন অফিসে রেকর্ড চলিতেছে এবং এই এজমালী সুরবর সম্পত্তির যৌথ অবিভক্ত - ছয় অংশের মধ্যে এক অংশ মাত্র এই সাফ বিক্রয় কোবালা ভুক্ত এজমালী সম্পত্তি হইতেছে যাহার বিক্রয় মূল্য ১৬৮০৲ যোল শত আশী টাকা মাত্র এবং উক্ত এ এজমালি সম্পত্তির নিম্ন রূপ চৌহদ্দি ঃ-

পূর্ব্বে -- একটি ছোট সরু গলি পঃ রাইও লেন যাহা রমানাথ পাল রোড এর সহিত উক্ত প্রেমিসেসস্থিত বাড়ী খানির মধ্যস্থিত একমাত্র চলাচলের পথ এবং ধীরেন্দ্র নাথ চট্টোপাধ্যায়ের বাড়ী ২১ নং রমানাথ পাল রোড।

পশ্চিমে -- ৺ দাশরথি দাস মহাশয়ের বাড়ী ২১।বি নং রমানাথ পাল রোড

উত্তরে -- এই সাফ বিক্রয় কোবালা ভুক্ত উপরোক্ত তপশীল ,,ক,, ভুক্ত এজমালি সম্পত্তি ১।এ নং গোপাল ডাক্তার রোড।

দক্ষিণে -- নফর চন্দ্র ঘোষের বাড়ী ২০ নং রমানাথ পাল রোড।

তপশীল ,,গ,, ভুক্ত সম্পত্তি।

জেলা ২৪ পরগনা থানা ওয়াটগঞ্জ, মাগুরা পরগনা, আলিপুর সাব-

সাবরেজেষ্টারি অফিসের এলাকাধিন খিদিরপুর মৌজা বেমেয়াদী পত্তনি শীজ ঠিকা প্রজাই স্বত্ব বিশিষ্ট জমি কমবেশী ⁄।।০ আট ছটাক মাত্র তদুপরি কাঁচা ছাউনি বিশিষ্ট ২ দুই খানি টিনের ঘর, যাহা বহু বর্ষ পূর্ব্বে অতীতে ৺ সারদা প্রসাদ চন্দ্র প্রজা হিসাবে কলিকাতা বাকুলিয়া রাজ এষ্টেট জমিদারগনের নিকট হইতে ২।।৵০ দুই টাকা দশ আনা মাত্র নামিশ ২.৬৩ দুই টাকা তেষট্টি পয়সা মাত্র মাসিক খাজনা ও তদুপরি মিউনিসিপাল ট্যাক্স আদায় দিবার প্রতিশ্রুতি-তে মাননীয় সর্ব্বশ্রী বাবু ননীগোপাল মুখোপাধ্যায় ও অপর ৬ ছয়জন সরিক মালিক জমিদারগনের নিকট হইতে পত্তনী ঠিকা প্রজাই স্বত্বে লইয়াছিলেন এবং বর্ত্তমানে যাহা প্রেমিসেস ৩২।৩বি নং হেম চন্দ্র ষ্ট্রীট বলিয়া পরিচিত অথবা খিদিরপুর পোষ্ট অফিসে যাহা প্রেমিসেস ১০।১ নং গোপাল ডাক্তার রোড বলিয়াও কখনও কখনও পরিচিত এবং বর্ত্তমানে উক্ত সম্পত্তি উক্ত ৺ সারদা প্রসাদ চন্দ্রের মৃত্যুর পরে এই সাফ কোবালার বিক্রেতা শ্রী কালিপ্রসন্ন চন্দ্র এই সাফ কোবালায় ক্রেতা শ্রী কালি শঙ্কর চন্দ্র ও শ্রী কৃষ্ণ কালি চন্দ্র মোট এই তিন জন সরিকের নাম বরাবরে উক্ত জমিদার মালিকগনের সেরেস্তায় ঠিকা প্রজাগন হিসাবে বর্ত্তমানে উক্ত এজমালি সম্পত্তির রেকর্ড চলিতেছে, উক্ত এজমালি সম্পত্তির যৌথ অবিভক্ত $\frac{১}{৩}$ তিন অংশের মধ্যে এক অংশ মাত্র এই সাফ বিক্রয় কোবালা ভুক্ত সম্পত্তি হইতেছে। বিক্রয় মূল্য ১২০্ এক শত কুড়ি টাকা মাত্র।

## বিক্রয় পণের টাকার জমা।

১। বায়নার অগ্রিম নগদে এক শত টাকা মাত্র -- ১০০ টাকা।

২। উপরোক্ত ডিক্লারেশনের ,,ক,, প্যারায় ঘোষণা মতে ২ দুই নং বিক্রয় কারিনী কনফার্মিং পার্টি সম্পত্তি দাত্রীর নির্দ্দেশ মতে তাহা বাজার দেনা গুলি ক্রেতা কর্ত্তৃক ভবিষ্যতে পরিশোধার্থে নয় শত টাকা মাত্র জমা --- ৯০০ টাকা

৩। গত ইং ১০ ই এপ্রিল ১৯৬৬ তারিখে ক্রেতার অনুরোধে ৩৪।১ নং শিব নারায়ণ দাস লেন, কলিকাতা নিবাসী শ্রী অসিত কুমার মিত্র মহাশয়ের নিকট হইতে নগদে থোক এককালীন মোট এক হাজার টাকা মাত্র --------- ১০০০ টাকা।

৪। অদ্য তারিখে রেজিষ্টারী অফিসে বিক্রয় মূল্যের বাকি টাকা ১৫ পনের খানি কারেন্সী নোটে প্রতিটি কারেন্সী নোট ১০০ এক শত টাকা হিসাবে একুনে নগদে থোক এককালীন মোট পনের শত টাকা মাত্র ----------- ১৫০০ টাকা

---

একুনে সর্ব্ব মোট ------ ৩৫০০ টাকা।

একুনে সর্ব্ব মোট তিন হাজার পাঁচ শত টাকা মাত্র।

## প্রাপ্তি স্বীকার পত্র।

আমরা শ্রী কান্তি প্রসন্ন চন্দ্র এই কোবালার ১ এক নং বিক্রেতা পক্ষ এবং

এবং শ্রীমতী তরু বালা চন্দ্র ২ দুই নং বিক্রয় কারিনী কনকার মিঃ পাটি সম্মতি দাত্রীপক্ষ আমরা উভয়ে এই সাফ বিক্রয় কোবালার উপরোক্ত বিক্রয় পণের ন্যায্য মত সমুদায় ৩৫০০ তিন হাজার পাঁচ শত টাকা মাত্র বিক্রয় মূল্য বুঝিয়া পাইবার পরে এতদ্বারা উপরোক্ত রূপে সমুদায় বিক্রয় পণের টাকার আমরা প্রাপ্তি স্বীকার করিতেছি।

১) শ্রী কালী প্রসাদ চন্দ্র

হঃ ১৭-১৯

Ext 1(a)

১০.৭.৮

২) শ্রীমতী তরু বালা চন্দ্র

আমি এই সাফ বিক্রয় কোবালা পত্রের উপরোক্ত যাবতীয় ঘটনাবলী ও মর্ম্মাদি বিক্রেতা ও বিক্রয় কারিনী পক্ষ দুইজনকে পড়াইয়া শুনাইয়া ব্যাখ্যা করতঃ ইহার সার মর্ম্ম বুঝাইয়া দিয়াছি। ইতি

শ্রী ভোলানাথ চন্দ্র

পিতা ৺ সুরেন্দ্র নাথ চন্দ্র

১নং গোপাল ভাণ্ডার রোড

কলিকাতা-২৬

Ext 1/B

16/1/80

(লেখক :- শ্রী সমরেন্দ্র নাথ দত্ত

এডভোকেট

২/১, গৌরমোহন ঘোষ স্ট্রীট

কলিকাতা-৬

উপস্থিত সাক্ষীদিগের নাম ও ঠিকানা

Ext B/11

১) শ্রী ভোলানাথ চন্দ্র

পিতা ৺ সুরেন্দ্র নাথ চন্দ্র

১নং গোপাল ভাণ্ডার রোড

কলিকাতা-২৬

16/10

Ext 1/C

২) শ্রী দুর্গা প্রসাদ চন্দ্র

পিতা ৺ গোপাল চন্দ্র চন্দ্র

২৭/১এ রামনাথ দাস রোড

কলিকাতা-২৩

16/10

৩) শ্রী সমরেন্দ্র নাথ দত্ত,

এডভোকেট

টাইপকারক

শ্রী [illegible]

শিয়ালদহ সিভিল কোর্ট

কলিকাতা।

Scanned with ACE Scanner

Sub-Judge's 7th Court, Alipore
T. Suit/Case No. 17 of 1975
Produced by
Date of Production
Exhibit No. 2
Admitted without/after objection
Sub-Judge
10.9.80

District Registrar,
24 Parganas.
18.4.66

Book No. 1
Volume No. 20
Pages 168 to 179
Being No. 1772
For the year 1966

For DISTRICT REGISTRAR
24 PARGANAS
19-4-66